

তারিখ:
স্থান:

শিক্ষা মন্ত্রণালয়

অদৃশ্য হাতের ইশারায়

৭ দিনেও আদেশ-

যায়নি স্হায়.

বিজ্ঞ বর্তা পরিবেশক : দুর্নীতির অভিযোগে জাতীয় শিক্ষাক্রম ও টেকনিক বোর্ডের (এনসিটিবি) ৮ কর্মকর্তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। তবে অদৃশ্য হাতের ইশারায় এ নির্দেশ এক সপ্তাহ যাবৎ শিক্ষা মন্ত্রণালয়ের ভেতরেই আটকে আছে বলে জানা গেছে।

মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, ৬ই মে প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক ছুত্রগেদ পরিকল্পনামূলক গ্যারান্টি হিসেবে ১৭টি ভূমি ব্যাংক গ্যারান্টি ও কাগজের জামানত হিসেবে ২টি ভূমি ব্যাংক গ্যারান্টি জমাদান বিষয়ে দুর্নীতি, জালিয়াতি ও কর্তব্যে চরম অবহেলার কারণে এনসিটিবির ৮ কর্মকর্তার বিরুদ্ধে বিধিমোতাবেক বিভাগীয় শাস্তিমূলক কঠোর আইনগত ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়ে এনসিটিবির চেয়ারম্যান বর্তার শিক্ষা মন্ত্রণালয় থেকে একটি চিঠি দেয়া হয় (স্মারক নং-শিম/শাঃ ১০/অতি (এনসিটিবি-২/০১))। পরে আদিষ্ট

শিক্ষা : পৃঃ ১১ কঃ ১

শিক্ষা : মন্ত্রণালয়

(১২-এর পৃষ্ঠার পর)

হয়ে এক সিনিয়র সচিব সহ করেন। যেসব কর্মকর্তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেয়া হয়েছে তারা হচ্ছেন উৎপাদন নিয়ন্ত্রক নুরুল হক খান, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা শাজি গোবিন্দ মন্সী, সেকশন অফিসার আবদুস রহমান, সহকারী উৎপাদন নিয়ন্ত্রক মো. আবদুস সোবহান, উপরতন জগের কর্মকর্তা মুহাম্মদ আমানউল্লাহ, উচ্চমান সহকারী মো. আমির হোসেন, অফিস সহকারী ও মুদ্রাস্বত্বিক শাহ আলম ভূইয়া এবং অফিস সহকারী মো. আবুল কালাম।

মন্ত্রণালয়ের একটি সূত্র এ ব্যাপারে জানায়, অদৃশ্য হাতের ইশারায় কারণে আদেশটি এনসিটিবিতে পাঠানো হচ্ছে না। উল্লেখ্য, শাস্তির জন্য উল্লিখিত কর্মকর্তাদের দুর্নীতির সঙ্গে জড়িত থাকার বিষয়ে ইতোপূর্বে 'সংবাদ' পত্রিকায় একাধিক প্রতিবেদন প্রকাশিত হয়েছে।